

New York City Health & Hospitals Corporation World Trade Center Environmental Health Center

Administrative Offices
125 Worth Street, Room 503
New York, NY 10013



ডিসেম্বর ২০০৯

প্রিয় পিতামাতাবৃন্দঃ

২০০১ এর ১১ সেপ্টেম্বরের ঘটনাবলি দ্বারা হাজার হাজার বয়স্ক ব্যক্তি ও শিশু আক্রান্ত হয়েছিলেন। যদিও অনেক বছর পার হয়ে গেছে, গবেষণায় দেখা গেছে লোয়ার ম্যানহাটানে যারা বসবাস করতেন বা কাজ করতেন তাদের কেউ কেউ এখনো শারীরিক ও মানসিকভাবে অসুস্থ রয়ে গেছেন। হামলাগুলোর সময়ে, প্রায় ৪০,০০০ শিশু ঐ এলাকায় বাস করতো এবং/অথবা সেখানকার স্কুলগুলোতে পড়তো, কিছু স্কুল ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের (ডব্লিউটিসি) কাছাকাছি ছিল। আমরা আপনার ও আপনার সন্তানের জন্য পেতে পারেন এমন কিছু পরিষেবা সম্পর্কে আপনাকে জানাতে চাই, এবং সেইসাথে আপনার সন্তানের শিশু চিকিৎসক সম্পর্কে আপনাকে নতুন তথ্য দিতে চাই।

ডব্লিউটিসি এনভায়রনমেন্টাল হেলথ সেন্টার একটি অনন্য কর্মসূচি যা প্রতিষ্ঠা করা হয়েছে সুনির্দিষ্টভাবে বয়স্ক ও শিশুদের ডব্লিউটিসি-সংশ্লিষ্ট শারীরিক ও মানসিক স্বাস্থ্যের চিকিৎসা করার জন্য। **আপনার বা আপনার ছেলেমেয়েদের জন্য বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা রয়েছে।**

নিউ ইয়র্ক সিটি ও ফেডারেল সরকারের অর্থায়নে পরিচালিত, এই সেন্টারটি লোয়ার ম্যানহাটানের ১৪তম স্ট্রিটের নিচে বসবাসকারী অধিবাসী ও স্থানীয় কর্মীদের এবং সেইসাথে ৯/১১-তে গ্রাউন্ড জিরোর কাছাকাছি থাকা ব্যক্তিদের, বুকলিনের বাসিন্দাদের এবং যে সব শিক্ষার্থী ২০০১ - ২০০২ বছরে লোয়ার ম্যানহাটানের স্কুল ও কলেজগুলোতে পড়তো তাদের ৯/১১-সংশ্লিষ্ট শারীরিক ও মানসিক স্বাস্থ্য সমস্যার ব্যাপক মূল্যায়ন ও চিকিৎসা করে থাকে।

ডব্লিউটিসি এনভায়রনমেন্টাল হেলথ সেন্টারের অবস্থানগুলো হচ্ছে বেলভিউ হসপিটাল, গভর্নর হেলথকেয়ার সার্ভিসেস, এবং এলমহাস্ট হসপিটাল সেন্টার। শুধুমাত্র বেলভিউ-তে অবস্থিত সেন্টারে শিশুদের জন্য পরিষেবা পাওয়া যায়।

বেলভিউ ডব্লিউটিসি শিশু চিকিৎসা কর্মসূচিতে এমন ডাক্তাররা মূল্যায়ন করে থাকেন যারা শিশুদের এমন ধরনের স্বাস্থ্য সমস্যার চিকিৎসার ওপর বিশেষজ্ঞতা অর্জন করেছেন যা ডব্লিউটিসি-সংশ্লিষ্ট হতে পারে। উদাহরণস্বরূপ, শিশুরা স্বাভাবিকভাবে শ্বাস-প্রশ্বাস নিচ্ছে কিনা তা পরীক্ষা করার মাধ্যমে বেলভিউ-এর শিশু চিকিৎসা প্রদানকারীরা আপনার সন্তানের নিয়মিত ডাক্তারের প্রদত্ত সেবাকে সহায়তা দিয়ে থাকেন। আপনার পকেট থেকে কোনো খরচ দেয়া ছাড়াই যথাযথ ও যুথও পাওয়া যায়।

বেলভিউ শিশু চিকিৎসা কর্মসূচির প্রতিটি রোগী একজন শিশু মনোবিদের সাথেও দেখা করে। সম্ভাব্য চিকিৎসার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে থেরাপি যা শিশুদের আচরণকে প্রভাবিতকারী ৯/১১-সংশ্লিষ্ট যে কোনো মানসিক সমস্যা চিহ্নিত করতে এবং সেগুলো সারিয়ে তুলতে সাহায্য করে, এবং সেইসাথে শিল্প ও ক্রীড়া থেরাপিও দেয়া হয়।

সেইসাথে, ডব্লিউটিসি বিপর্যয়ের সংস্পর্শে আসা শিশু ও কিশোর-কিশোরীদের জন্য নিউ ইয়র্ক সিটি হেলথ ডিপার্টমেন্ট সম্প্রতি চিকিৎসা নির্দেশিকা প্রকাশ করেছে। এই নির্দেশিকাটি শিশুদের ৯/১১ এর সংস্পর্শে আসা এবং তাদের স্বাস্থ্যের ওপর এর সম্ভাব্য প্রভাব সম্পর্কে ব্যাখ্যা করার মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদানকারীদেরকে সহায়তা করে এবং শারীরিক ও মানসিক উভয় প্রকার স্বাস্থ্যের চিকিৎসার সুপারিশ করে থাকে। এই সব নির্দেশনা সম্পর্কে আপনার শিশু চিকিৎসকের সাথে কথা বলার জন্য আমরা আপনাকে সনির্বন্ধ অনুরোধ জানাই। এগুলো সিটির ৯/১১ এর স্বাস্থ্য সম্পর্কিত www.nyc.gov/9-11health ওয়েবসাইটে পোস্ট করা হয়েছে। বয়স্কদের জন্যও চিকিৎসা সম্পর্কিত নির্দেশনা আছে।

ডব্লিউটিসি এনভায়রনমেন্টাল হেলথ সেন্টার সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে 1-877-982-0107 টোল- ফ্রি নম্বরে ফোন করুন অথবা www.nyc.gov/9-11health ওয়েবসাইট দেখুন। ক্লিনিকগুলোতে যে পরিষেবাসমূহ পাওয়া যায় সেগুলো সম্পর্কে এই চিঠির সাথে সংযুক্ত একটি তথ্যপত্রে আরো বিস্তারিত বিবরণ প্রদান করা হয়েছে।

বিনীত,

Terry Miles
নির্বাহী পরিচালক (এক্সিকিউটিভ
ডিরেক্টর)
ওয়াল্ড ট্রেড সেন্টার
এনভায়রনমেন্টাল হেলথ সেন্টার

Joan Reibman, এম.ডি.
মেডিকেল ডিরেক্টর
ওয়াল্ড ট্রেড সেন্টার
এনভায়রনমেন্টাল হেলথ সেন্টার

Jeffrey Hon
ওয়াল্ড ট্রেড সেন্টার হেলথ
কোঅর্ডিনেটর
এপিডেমিওলজি বিভাগ
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হেলথ
অ্যান্ড মেন্টাল হাইজিন

সংযুক্ত

WTC/sdp
12/4/09